# বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড

কর্পোরেট অফিসঃ **ইউনুস ট্রেড সেন্টার (লেভেল ২২)**
৫২-৫৩, দিলকুশা বা/এ, ঢাকা-১০০০।

## ২০তম বার্ষিক সাধারণ সভার বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর সম্মানিত শেয়ারহোল্ডারগণের জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড এর ২০তম বার্ষিক সাধারণ সভা আগামী ১১-০৮-২০১৮ইং তারিখ রোজ শনিবার সকাল ১১ঃ০০ টায় নিম্নোক্ত কার্যাবলী সম্পাদনের নিমিত্তে কুর্মিটোলা গলফ ক্লাব, কুর্মিটোলা, ঢাকা সেনানিবাস, ঢাকা-১২০৬-এ অনুষ্ঠিত হবেঃ-

**আলোচ্যসূচী ঃ**

১। ৩১ ডিসেম্বর-২০১৭ইং সমাপ্ত বছরের ব্যাংকের নিরীক্ষিত হিসাবাবলী, ঐ তারিখে স্থিতিপত্রসহ তদবিষয়ে পরিচালক ও নিরীক্ষকদের প্রতিবেদন গ্রহণ ও অনুমোদন।
২। ২০১৮ইং সালের জন্য অডিটর নিয়োগ ও পারিশ্রমিক নির্ধারণ।
৩। ব্যাংকের মেমোরেন্ডাম এন্ড আর্টিকেলস অব এসোসিয়েশন এবং কোম্পানী আইনের বিধান মোতাবেক 'গ' শ্রেণীর ০২ (দুই) জন পরিচালকের অবসর গ্রহণ ও তদস্থলে পরিচালক নির্বাচন/পুনঃনির্বাচন।
৪। সভাপতির অনুমতিক্রমে অন্য যেকোন বিষয়ে আলোচনা।

পর্ষদের আদেশক্রমে
স্বা/-
**(মোঃ সেলিম হাসান)**
কোম্পানী সচিব

**তারিখঃ জুলাই ০৮, ২০১৮**
ঢাকা।

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। কোম্পানীর ২০তম বার্ষিক সাধারণ সভা উপলক্ষ্যে শেয়ার হস্তান্তর বহিঃ আগামী **১৭-০৭-২০১৮ইং** থেকে **১৯-০৭-২০১৮** তারিখ (উভয় দিনসহ) বন্ধ থাকবে।
২। ২০তম বার্ষিক সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের যোগ্য কোম্পানীর যে কোন সদস্য/সদস্যা তার পক্ষে সাধারণ সভায় অংশগ্রহণ ও ভোট প্রদানের জন্য প্রক্সি নিয়োগ করতে পারবেন।
৩। প্রক্সি ফরম অথবা পাওয়ার অব এটর্নী বা ক্ষমতাপত্র বা নোটারী পাবলিক কর্তৃক সত্যায়িত ক্ষমতাপত্র এজিএম-এর কার্যক্রম শুরু হওয়ার কমপক্ষে **৭২ ঘন্টা** পূর্বে কোম্পানীর রেজিস্টার্ড অফিসে জমা দিতে হবে। যদি প্রক্সি ফরম যথাযথভাবে পূরণ ও ২০/- টাকা মূল্যের রেভিনিউ ষ্ট্যাম্প সংযোগপূর্বক নির্ধারিত সময়ে জমা দেয়া না হয় তাহলে প্রক্সি ফরম বৈধ বলে বিবেচিত হবেনা।
৪। অত্র ব্যাংকের সংঘবিধি'র ১১২ থেকে ১১৪ ধারা অনুযায়ী বার্ষিক সাধারণ সভায় 'গ' শ্রেণীর সম্মানিত পরিচালকগণের মধ্যে থেকে জ্যেষ্ঠতার ভিত্তিতে ০২ (দুই) জন পরিচালক অবসর গ্রহণ করবেন এবং **উক্ত শূন্য পদে ০২ (দুই) জন পরিচালক নির্বাচিত হবেন**। উক্ত ০২ (দুই) জন পরিচালক পদে নির্বাচনের জন্য আগ্রহী প্রার্থীগণ নিজে অথবা প্রতিনিধির মাধ্যমে ব্যাংকের রেজিষ্টার্ড কার্যালয়ে নির্বাচন কমিশনের নিকট থেকে আগামী **০১-০৮-২০১৮ইং থেকে ০২-০৮-২০১৮ইং** তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। মনোনয়নপত্র জমা দেয়ার সর্বশেষ তারিখ **০৫-০৮-২০১৮ইং** বিকাল ৪ঃ০০ ঘটিকা পর্যন্ত। **০৬-০৮-২০১৮ইং** তারিখে মনোনয়ন পত্র বাছাই ও প্রার্থীদের তালিকা প্রস্তুত করা হবে। **০৭-০৮-২০১৮ইং** তারিখ বিকাল ৪ঃ০০ ঘটিকা পর্যন্ত মনোনয়ন পত্র প্রত্যাহার করা যাবে। চূড়ান্ত ও যোগ্য প্রার্থীদের নামের তালিকা আগামী **০৮-০৮-২০১৮ইং** তারিখে কোম্পানীর রেজিষ্টার্ড কার্যালয়ের নোটিশ বোর্ডে টানিয়ে দেয়া হবে এবং **১১-০৮-২০১৮ইং** তারিখে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হবে। বার্ষিক সাধারণ সভায় অন্যান্য আলোচ্যসূচীর পর ০২ (দুই) জন পরিচালক নির্বাচনের জন্য ভোট গ্রহণের কার্যক্রম শুরু হবে এবং ভোট গণনার পর নির্বাচন কমিশন কর্তৃক ফলাফল ঘোষণা করা হবে।
৫। সাধারণ সভা অনুষ্ঠানের দিন রেজিষ্ট্রেশন কাউন্টার **সকাল ০৯:০০ ঘটিকা থেকে ১১:০০ ঘটিকা** পর্যন্ত খোলা থাকবে। রেজিষ্ট্রেশনের জন্য ব্যাংক কর্তৃক মূদ্রিত **এটেন্ডেন্স স্লিপ** উপস্থাপন আবশ্যক।
৬। বার্ষিক প্রতিবেদন-২০১৭ ও ২০তম বার্ষিক সাধারণ সভার সূচীসহ নোটিশ ডাকযোগে যথাসময়ে সম্মানিত শেয়ারহোল্ডারবৃন্দের নিবন্ধিত ঠিকানায় প্রেরণ করা হবে। সভা অনুষ্ঠানের পূর্বে কেউ বার্ষিক প্রতিবেদন, নোটিশ/প্রক্সি ফরম না পেয়ে থাকলে ব্যাংকের **website: www.bcblbd.com** বা রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো (টেলিফোন- **০৯৬১-৩২২-১০৭০**)।
৭। ঠিকানার কোন পরিবর্তন হলে আগামী **১৬-০৭-২০১৮ইং** তারিখের পূর্বে বাংলাদেশ কমার্স ব্যাংক লিমিটেড-এর রেজিষ্টার্ড অফিসের সচিব বিভাগে লিখিতভাবে অবহিত করার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।
৮। সুষ্ঠভাবে সাধারণ সভা অনুষ্ঠানের সুবিধার্থে শিশু বা শেয়ারহোল্ডার নন এমন কাউকে সাথে না আনার জন্য সম্মানিত শেয়ারহোল্ডারগণকে অনুরোধ করা হলো।
৯। **বাংলাদেশ সিকিউরিটিজ এন্ড এক্সচেঞ্জ কমিশনের নির্দেশনা অনুযায়ী কোন গিফ্‌ট বা খাবার প্রদান করা হবে না।**

**প্রকাশিত দৈনিক ইত্তেফাক, পৃষ্ঠা নং-৭, তারিখ ৮ জুলাই, ২০১৮ইং**